প্রথম আলো

তারিখ 14 JUL 2009
পৃষ্ঠা ৯ কলাম ৫

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

# ২০ কোটি টাকার বাজেট ঘোষণা

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ●

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০০৯-১০ অর্থবছরের জন্য ২০ কোটি টাকার রাজস্ব (অনুন্নয়ন) বাজেট ঘোষণা করা হয়েছে। এই বাজেটের চার ভাগের প্রায় তিন ভাগই শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-ভাতায় ব্যয় হবে। আর শিক্ষা আনুষঙ্গিক খাতে বরাদ্দ ধরা হয়েছে মাত্র দুই কোটি টাকা, যা মোট বাজেটের ১০ ভাগের এক ভাগ।

বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সভাকক্ষে গতকাল সোমবার দুপুরে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে কোষাধ্যক্ষ শওকত জাহাঙ্গীর চলতি বছরের বাজেট উপস্থাপন করেন। আজ মঙ্গলবার চূড়ান্ত অনুমোদনের জন্য সিন্ডিকেট সভায় বাজেট উত্থাপন করা হবে।

কোষাধ্যক্ষ বলেন, চলতি অর্থবছরের ২০ কোটি টাকা বাজেটের ৭৩ দশমিক ৩ শতাংশ অর্থাৎ ১৪ কোটি ৬৬ লাখ টাকা বরাদ্দ রাখা হয়েছে বেতন-ভাতা খাতে। এ ছাড়া বাজেটের বাদবাকি খাতগুলোতে বরাদ্দ দেওয়া হয়েছে পাঁচ কোটি ৩৪ লাখ টাকা।

সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মেসবাহউদ্দিন বলেন, বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নের জন্য সরকারি বরাদ্দ আরও বাড়ানো প্রয়োজন।